রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, নভেম্বর ৮, ২০১৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

অধিশাখা-২ (কর)

**প্রজ্ঞাপন**

নং ০৮.০০.০০০০.০৩৭.৪৩.০১৪.০৮-৫৯৪ তারিখ : ০৭-১১-২০১৬ খ্রিঃ

১. **সংক্ষিপ্ত শিরোনাম**

এই নীতিমালা **"জাতীয় ট্যাক্স কার্ড নীতিমালা, ২০১০ (সংশোধিত)"** নামে অভিহিত হইবে।

২. **ট্যাক্স কার্ডের জন্য মনোনয়নের ভিত্তি**

প্রতি অর্থ বৎসরে অব্যবহিত পূর্ববর্তী কর বৎসরের জন্য পরিশোধিত আয়করের ভিত্তিতে জাতীয় পর্যায়ে সর্বোচ্চ আয়কর প্রদানকারী নির্দিষ্ট সংখ্যক ব্যক্তি, কোম্পানী এবং অন্যান্য করদাতাকে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ট্যাক্স কার্ডের জন্য মনোনয়ন প্রদান করা হইবে।

৩. **ট্যাক্স কার্ডের সংখ্যা ও বিভাজন**

৩.১ ট্যাক্স কার্ডের জন্য (ক) ব্যক্তি (individual), (খ) কোম্পানী (company) এবং (গ) অন্যান্য (other than individual and company) - এই ৩ (তিন) ক্যাটাগরিতে করদাতা মনোনয়ন দেওয়া হইবে;

৩.২ ২০১৫-২০১৬ অর্থবছরে ট্যাক্স কার্ডের মোট সংখ্যা হইবে ১৪১ (একশত একচল্লিশ) টি, যাহার মধ্যে ব্যক্তি পর্যায়ের ৭৬ (ছিয়াত্তর) টি, কোম্পানী পর্যায়ের ৫৩ (তিপ্পান্ন) টি এবং অন্যান্য পর্যায়ের ১২ (বার) টি। অন্ততঃ ০৩ (তিন) বছর এই সংখ্যা অথবা শ্রেণি আর পরিবর্তন হইবে না। পরবর্তীতে মাননীয় অর্থমন্ত্রীর অনুমোদন গ্রহণক্রমে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ট্যাক্স কার্ডের সংখ্যা বৃদ্ধি করা যাইবে।



**মূল্য ঃ** টাকা ৮.০০

৩.২.১ ব্যক্তি শ্রেণি করদাতার ট্যাক্স কার্ডের বিভাজনঃ নিম্নোক্ত ২ (দুই)টি শ্রেণির মোট ১৮ (আঠার) টি ক্যাটাগরিতে ৭৬ (ছিয়াত্তর) জন ব্যক্তি শ্রেণির করদাতাকে ট্যাক্স কার্ড প্রদান করা হইবে, যথা:-

৩.২.১.১ বিশেষ শ্রেণি

| ক্রমিক | করদাতার প্রকৃতি | ট্যাক্স কার্ডের সংখ্যা |
|---|---|---|
| (১) | সিনিয়র সিটিজেন করদাতা | ৫ |
| (২) | গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতা | ৫ |
| (৩) | প্রতিবন্ধী ব্যক্তি করদাতা | ৩ |
| (৪) | মহিলা করদাতা | ৫ |
| (৫) | তরুণ করদাতা (৪০ বছর বয়সের নীচে) | ৫ |
| | মোট | ২৩ |

৩.২.১.২ আয়ের উৎস বা পেশা

| ক্রমিক | করদাতার প্রকৃতি | ট্যাক্স কার্ডের সংখ্যা |
|---|---|---|
| (১) | ব্যবসায়ী | ৫ |
| (২) | বেতনভোগী | ৫ |
| (৩) | ডাক্তার | ৫ |
| (৪) | সাংবাদিক | ৫ |
| (৫) | আইনজীবী | ৫ |
| (৬) | প্রকৌশলী | ৩ |
| (৭) | স্থপতি | ৩ |
| (৮) | একাউন্ট্যান্ট | ৩ |
| (৯) | নতুন করদাতা | ৭ |
| (১০) | খেলোয়াড় | ৩ |
| (১১) | অভিনেতা/অভিনেত্রী | ৩ |
| (১২) | শিল্পী (গায়ক/গায়িকা) | ৩ |
| (১৩) | অন্যান্য | ৩ |
| | মোট | ৫৩ |

৩.২.২ কোম্পানী করদাতার ট্যাক্স কার্ডের বিভাজনঃ ব্যবসায়ের খাতের ভিত্তিতে মোট ১৪ (চৌদ্দ) টি ক্যাটাগরিতে ৫৩ (তিপ্পান্ন) টি কোম্পানী করদাতাকে ট্যাক্স কার্ড প্রদান করা হইবে, যথা:-

| ক্রমিক | ক্যাটাগরি | ট্যাক্স কার্ডের সংখ্যা |
|---|---|---|
| (১) | ব্যাংকিং | ৪ |
| (২) | অ-ব্যাংকিং আর্থিক | ৪ |
| (৩) | টেলিকমিউনিকেশন | ১ |
| (৪) | প্রকৌশল | ৩ |
| (৫) | খাদ্য ও আনুষঙ্গিক | ৩ |
| (৬) | জ্বালানি | ৩ |
| (৭) | পাট | ৩ |
| (৮) | স্পিনিং ও টেক্সটাইল | ৭ |
| (৯) | ঔষধ ও রসায়ন | ৪ |
| (১০) | প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া | ৪ |
| (১১) | রিয়েল এস্টেট | ৩ |
| (১২) | তৈরী পোষাক | ৭ |
| (১৩) | চামড়া শিল্প | ৩ |
| (১৪) | অন্যান্য | ৪ |
| | মোট | ৫৩ |

৩.২.৩ ট্যাক্স কার্ড প্রদানের ক্ষেত্রে বিভিন্ন খাতের কোম্পানী পর্যায়ের করদাতার ক্যাটাগরি কিভাবে নির্ধারণ করা হইবে উহার উদাহরণ নিম্নে প্রদান করা হইল (তালিকা পূর্ণাঙ্গ নয়) :

| ক্রমিক | ক্যাটাগরি | উদাহরণ |
|---|---|---|
| (১) | ব্যাংকিং | তালিকাভুক্ত সকল ব্যাংক |
| (২) | অ-ব্যাংকিং আর্থিক | সকল লিজিং কোম্পানী ও মার্চেন্ট ব্যাংক |
| (৩) | টেলিকমিউনিকেশন | মোবাইল ফোন অপারেটর |
| (৪) | প্রকৌশল | অটোমোবাইল, ইস্পাত প্রস্তুতকারক প্রভৃতি |

| ক্রমিক | ক্যাটাগরি | উদাহরণ |
|---|---|---|
| (৫) | খাদ্য ও আনুষঙ্গিক | ডেইরি ফার্ম, বিস্কুট ও বেকারি পণ্য প্রস্তুতকারক, দুগ্ধ উৎপাদনকারী প্রভৃতি |
| (৬) | জ্বালানি | অয়েল রিফাইনারী, জ্বালানি তেল ও আনুষঙ্গিক দ্রব্য সরবরাহকারী প্রভৃতি |
| (৭) | পাট | জুট স্পিনারস, পাটজাত দ্রব্য উৎপাদনকারী প্রভৃতি |
| (৮) | স্পিনিং ও টেক্সটাইল | স্পিনিং মিলস, টেক্সটাইল মিলস প্রভৃতি |
| (৯) | ঔষধ ও রসায়ন | ফার্মাসিউটিক্যালস, রসায়ন শিল্প প্রভৃতি |
| (১০) | প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া | প্রিন্ট মিডিয়া, ইলেকট্রনিক মিডিয়া, অনলাইন মিডিয়া প্রভৃতি |
| (১১) | রিয়েল এস্টেট | ল্যান্ড ডেভেলপার, রিয়েল এস্টেট ডেভেলপার প্রভৃতি |
| (১২) | তৈরী পোষাক | ওভেন, নীটওয়্যার |
| (১৩) | চামড়া | ক্রাষ্ট/ফিনিশড্ |
| (১৪) | অন্যান্য | ক্রমিক (১) হইতে (১৩) ব্যতীত অন্যান্য সকল খাত |

৩.২.৪ অন্যান্য করদাতার শ্রেণি বিভাগঃ ব্যক্তি ও কোম্পানী করদাতা ব্যতিত অন্যান্য পর্যায়ের করদাতাদেরকে নিম্নোক্ত ৪ (চার) টি ক্যাটাগরিতে ১২ (বার) টি ট্যাক্স কার্ড প্রদান করা হইবে, যথা:-

| ক্রমিক | ক্যাটাগরি | ট্যাক্স কার্ডের সংখ্যা |
|---|---|---|
| (১) | ফার্ম | ৪ |
| (২) | স্থানীয় কর্তৃপক্ষ | ২ |
| (৩) | ব্যক্তি সংঘ | ২ |
| (৪) | অন্যান্য | ৪ |
| | মোট | ১২ |

**৪. মনোনয়ন যোগ্যতা ও শর্ত**

৪.১ এই নীতিমালা অনুযায়ী পুরস্কারের জন্য মনোনয়নের নিমিত্তে সর্বোচ্চ আয়কর প্রদানকারী করদাতাকে ট্যাক্স কার্ড প্রদান সংশ্লিষ্ট কর বৎসরসহ তদ্‌পূর্ববর্তী কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরে নিয়মিত করদাতা হইতে হইবে;

৪.২ এই নীতিমালার অধীনে ট্যাক্স কার্ড প্রাপ্ত ব্যক্তি করদাতা "জেলাভিত্তিক সর্বোচ্চ ও দীর্ঘ সময় আয়কর প্রদানকারী করদাতাদের পুরস্কার প্রদান নীতিমালা, ২০০৮" অনুযায়ী পুরস্কারের মনোনয়নের যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না;

৪.৩ চলতি কর বৎসরের আয়কর রিটার্ণ ও করারোপন (সার্বজনীন স্বনির্ধারণী/সাধারণ নিয়মে) এর আলোকে পরিশোধিত আয়করের ভিত্তিতে বিবেচ্য করদাতাকে ট্যাক্স কার্ডের জন্য মনোনয়ন প্রদান করা হইবে;

৪.৪ এই নীতিমালার অনুচ্ছেদ ক্রমিক নং ৩.২.১.২ এর আওতায় আয়ের উৎস বা পেশার ভিত্তিতে ট্যাক্স কার্ডের জন্য মনোনয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট উৎসের আয়কে নির্ণায়ক হিসাবে বিবেচনা করা হইবে;

৪.৫ এই নীতিমালার অনুচ্ছেদ ক্রমিক নং ৩.২.২ এর আওতায় কোম্পানি করদাতাকে ট্যাক্স কার্ডের জন্য মনোনয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট খাতের আয়কে নির্ণায়ক হিসাবে বিবেচনা করা হইবে;

৪.৬ এই নীতিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার বা অন্য কোন কর্তৃপক্ষ কর্তৃক পরিশোধিত কর বিবেচ্য প্রতিষ্ঠান/ব্যক্তির পরিশোধিত কর হিসাবে পরিগণিত হইবে না;

৪.৭ আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর Chapter XIX এর অধীন কোন করদাতার আয়কর মামলা আপীলে বিচারাধীন থাকিলে ৭৪ ধারায় পরিশোধকৃত আয়করের ভিত্তিতে মনোনয়ন প্রদান করা যাইবে;

৪.৮ কোন ক্যাটাগরিতে যোগ্য করদাতা না থাকিলে অন্য ক্যাটাগরির সম্মিলিত তালিকা হইতে এই নীতিমালার অনুচ্ছেদ ২ এর ভিত্তিতে ট্যাক্স কার্ডের জন্য মনোনয়ন প্রদান করা হইবে।

**৫. মনোনয়নের অযোগ্যতা**

নিম্নবর্ণিত ক্ষেত্রে কোন করদাতাকে এই নীতিমালার অধীন মনোনয়নের অযোগ্য বলিয়া বিবেচনা করা হইবে:

৫.১ আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৭৪ ধারার বিধান অনুযায়ি নির্ধারিত সময়সীমার মধ্যে কর পরিশোধে ব্যর্থ হইলে;

৫.২ করদাতার নিকট ৭৪ ধারায় প্রদেয় কর বা অবিতর্কিত বকেয়া কর বা চলতি বৎসরের দাবীকৃত অবিতর্কিত কর পাওনা থাকিলে;

৫.৩ আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৯৩ ধারার অধীন করদাতার পুনঃউন্মোচিত অনিষ্পন্ন কোন কর মামলা থাকিলে;

৫.৪ করদাতা কর্তৃক চলতি কর বৎসরের আয়কর রিটার্ণ দাখিল না করা হইলে;

৫.৫ আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর Chapter XXI এর যে কোন ধারার অধীনে করদাতার বিরুদ্ধে কার্যক্রম গৃহীত হইলে;

৫.৬ করদাতা কোন আদালত কর্তৃক দণ্ডপ্রাপ্ত হওয়ার পর দণ্ড ভোগ করিবার ৫ (পাঁচ) বৎসর অতিবাহিত না হইলে;

৫.৭ করদাতা ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠানসহ কোন অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানের নিকট ঋণ খেলাপী হইলে;

৫.৮ ট্যাক্স কার্ড মনোনয়ন সংশ্লিষ্ট বৎসরে করদাতার ঋণ পুনঃতফসিল করা হইলে;

৫.৯ শুল্ক আইন, ১৯৬৯; মূল্য সংযোজন কর আইন, ১৯৯১; এক্সাইজ ও সল্ট এ্যাক্ট, ১৯৪৪ বা দানকর আইন, ১৯৯০ এর আওতায় করদাতার নিকট অবিতর্কিত শুল্ক, মূল্য সংযোজন কর, আবগারি শুল্ক বা দানকর পাওনা থাকিলে।

**৬. মনোনয়ন পদ্ধতি**

৬.১ প্রতি অর্থ বৎসরের ১৫ মে তারিখের মধ্যে সকল কর কমিশনার বিভিন্ন ক্যাটাগরীতে ট্যাক্স কার্ড পাওয়ার যোগ্য করদাতার প্রাথমিক তালিকা জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করিবেন। প্রাথমিক তালিকা প্রণয়নের পদ্ধতি জাতীয় রাজস্ব বোর্ড নির্ধারণ করিবে;

৬.২ ট্যাক্স কার্ড মনোনয়নের জন্য জাতীয় রাজস্ব বোর্ড সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা) এর নেতৃত্বে একটি "ট্যাক্স কার্ড মনোনয়ন কমিটি" গঠন করিবে। উক্ত কমিটির সুপারিশের ভিত্তিতে ট্যাক্স কার্ড মনোনয়ন দেওয়া হইবে;

৬.৩ ট্যাক্স কার্ড মনোনয়ন কমিটিতে সদস্য (কর নীতি), সদস্য (ট্যাক্সেস লিগ্যাল এন্ড এনফোর্সমেন্ট), সদস্য (কর আপীল ও অব্যাহতি), কর কমিশনার, কর অঞ্চল-১, ঢাকা, কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (এলটিইউ), প্রথম সচিব (কর পরিবীক্ষণ ও প্রশিক্ষণ), স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ১ (এক) জন প্রতিনিধি, শুল্ক ও মূসক অনুবিভাগের ১ (এক) জন প্রতিনিধি, বাংলাদেশ ব্যাংকের ১ (এক) জন প্রতিনিধি এবং এফবিসিসিআই এর ১ (এক) জন প্রতিনিধি অন্তর্ভুক্ত থাকিবেন;

৬.৪ ট্যাক্স কার্ড প্রদানের জন্য প্রাথমিকভাবে মনোনীত করদাতা দন্ডপ্রাপ্ত বা কোন ফৌজদারী মামলার চার্জশীটভুক্ত আসামী কি-না বা শুল্ক, আবগারি ও মূসক খেলাপী কি-না বা ঋণ খেলাপী কি-না এই মর্মে তথ্য সংগ্রহের জন্য যথাক্রমে স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ডের শুল্ক ও মূসক বিভাগ এবং বাংলাদেশ ব্যাংকে পত্র প্রেরণ করা হইবে। পত্রে নির্ধারিত তারিখের মধ্যে প্রাথমিকভাবে মনোনীত করদাতার দন্ড, ফৌজদারী মামলার চার্জশীটভুক্তি, শুল্ক, আবগারি ও মূসক খেলাপী বা ঋণ খেলাপীর বিষয়ে কোন তথ্য না পাওয়া গেলে করদাতার বিষয়ে সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কোন বিরূপ মন্তব্য বা আপত্তি নাই বলিয়া বিবেচিত হইবে;

৬.৫ ট্যাক্স কার্ড প্রদানে সংশ্লিষ্ট করদাতার নিকট হইতে এই মর্মে লিখিত সম্মতি গ্রহণ করিতে হইবে যে ট্যাক্স কার্ড গ্রহণে তাঁহার কোন আপত্তি নাই;

৬.৬ জাতীয় রাজস্ব বোর্ড "ট্যাক্স কার্ড মনোনয়ন কমিটি"র সুপারিশক্রমে ট্যাক্স কার্ড প্রদানের জন্য করদাতা মনোনয়ন অনুমোদন করিবে।

৭. **ট্যাক্সকার্ড ও সম্মাননা**

মনোনীত প্রত্যেক করদাতাকে ট্যাক্স কার্ড এবং সম্মাননাপত্র প্রদান করা হইবে।

৮. **ট্যাক্স কার্ড প্রাপ্তদের বিশেষ সুবিধা**

ট্যাক্স কার্ড প্রাপ্ত ব্যক্তি করদাতা এবং কোম্পানী বা অন্যান্য শ্রেণির করদাতার ক্ষেত্রে উক্ত করদাতা কর্তৃক মনোনীত ব্যক্তি ট্যাক্স কার্ডধারী হিসেবে বিবেচিত হইবেন। ট্যাক্স কার্ডধারী নিম্নবর্ণিত বিশেষ সুবিধাদি প্রাপ্য হইবেন, যথা:-

৮.১ বিভিন্ন জাতীয় অনুষ্ঠান এবং সিটি কর্পোরেশন ও পৌরসভাসহ স্থানীয় সরকার কর্তৃক আয়োজিত নাগরিক সম্বর্ধনায় আমন্ত্রণ;

৮.২ যে কোন ভ্রমণে বিমান, রেলপথ ও জলপথে সরকারি যানবাহনে টিকেট প্রাপ্তিতে অগ্রাধিকার;

৮.৩ ট্যাক্স কার্ডধারীর স্ত্রী/স্বামী, নির্ভরশীল পুত্র-কন্যা ও নিজের চিকিৎসার জন্য সরকারি হাসপাতালের কেবিন সুবিধা প্রাপ্তিতে অগ্রাধিকার;

৮.৪ বিমান বন্দরে সিআইপি লাউঞ্জ ব্যবহার সুবিধা;

৮.৫ তারকা হোটেলসহ সকল আবাসিক হোটেলে বুকিং প্রাপ্তিতে অগ্রাধিকার।

৯. **ট্যাক্স কার্ডের মেয়াদ ও ব্যবহার**

৯.১ ট্যাক্স কার্ড ইস্যুর তারিখ হইতে পরবর্তী ১ (এক) বৎসর পর্যন্ত কার্ডের মেয়াদ ও সুবিধাদি বহাল থাকিবে;

৯.২ ট্যাক্স কার্ডের মেয়াদকাল উত্তীর্ণ হইবার ১ (এক) সপ্তাহের মধ্যে করদাতা কর্তৃক উহা জাতীয় রাজস্ব বোর্ডে জমা দিতে হইবে। মেয়াদকাল উত্তীর্ণ হইবার পর ট্যাক্স কার্ডের জন্য প্রদত্ত সুবিধা বহাল থাকিবে না।

১০. জাতীয় রাজস্ব বোর্ড কারণ উল্লেখপূর্বক প্রদত্ত ট্যাক্স কার্ড প্রত্যাহার করার ক্ষমতা সংরক্ষণ করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জিল্লুর রহমান**
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd